যুগান্তর
প্রিন্ট: ০৮ জুলাই ২০২৬, ০২:১১ পিএম

ক্যাম্পাস

# চবির সব ক্লাশ-পরীক্ষা বন্ধ ঘোষণা

Advertisement

চবি প্রতিনিধি
প্রকাশ: ০৮ জুলাই ২০২৬, ০৯:২৯ এএম




ফাইল ছবি




**পরবর্তী খেলাসমূহ**

**শুক্রবার ১০ জুলাই ২০২৬** [কোয়ার্টার ফাইনাল] রাত ২টা

🇫🇷 ফ্রান্স – মরক্কো 🇲🇦

জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র

**শনিবার ১১ জুলাই ২০২৬** [কোয়ার্টার ফাইনাল] রাত ১টা

🇪🇸 স্পেন – বেলজি... 🇧🇪

সোফি স্টেডিয়াম, লস অ্যাঞ্জেলেস, যুক্তরাষ্ট্র

দুর্যোগপূর্ণ আবহাওয়া, জলাবদ্ধতা ও পরিবহণ সংকটের কারণে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) সব ধরনের ক্লাশ-পরীক্ষা বন্ধ ঘোষণা করা হয়েছে।

বুধবার (৮ জুলাই) সকাল সাড়ে ৭টায় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, দূর্যোগপূর্ণ আবহাওয়া, জলাবদ্ধতা এবং পরিবহণ সংকটের প্রেক্ষাপটে বুধবার বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ক্লাশ ও অনুষ্ঠিতব্য পরীক্ষা আদেশক্রমে স্থগিত করা হয়েছে।

টানা তিন দিনের ভারি বৃষ্টিতে চট্টগ্রামের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা ও পরিবহণ সংকট সৃষ্টি হয়েছে। এর ফলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের যাতায়াতে তীব্র ভোগান্তি দেখা দেয়। পরিস্থিতি বিবেচনায় একদিনের জন্য সব ক্লাশ ও পরীক্ষা স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।